

# মাগুরায় পুলিশের গুলীতে ২ জন ছাত্র নিহত

গড়কাল (স্বহস্পতিবার) মাগুরা শহরে পুলিশের গুলীতে ২ জন ছাত্র নিহত হইয়াছে। ছাত্র-জনতার সহিত পুলিশের সংঘর্ষে ১২ জন পুলিশসহ মোট ৫২ জন আহত হয়। শহরে ১৪৪ ধারা জারি করা হইয়াছে।

আমাদের মাগুরা সংবাদদাতা জানান, এস এস সি পরীক্ষা চলাকালে কয়েকজন বহিরাগত মাগুরা আদর্শ একাডেমীর প্রধান শিক্ষকের সহিত দেখা করিতে চাহিলে পুলিশ প্রথমে বাধা দেয় এবং এক পর্যায়ে উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। পরে তাহারা পার্শ্ববর্তী মাগুরা কলেজের মাঠে জড় হয়। সেখানে পুলিশ অতর্কিত হামলা চালাইয়া গুলীবর্ষণ করে। ইহাতে ঘটনাস্থলেই কলেজ ছাত্র

দেবেজ নাথ নিহত হয় পুলিশ কলেজের ভিতরে প্রবেশ করিয়া ছাত্রদের বেদম প্রহা করে। এমনকি মোতলা হইলে লাথি মারিয়া কয়েকজন ছাত্রের নীচে ফেলিয়া দেয়। পরে নির্বা (১৬শ পৃঃ ৫-এর কঃ দঃ)

তারিখ ... 0.4.APR.1986 ...

পৃষ্ঠা... ..!..কলাম... ..

## ২ জন ছাত্র নিহত

(১ম পৃঃ পর)

চন অফিসের সামনে পুলিশের গুলীতে আরও একজন ছাত্র নিহত হয়।

খিনাইদহ হইতে অতিরিক্ত পুলিশ আনিয়া পরিস্থিতি আরও আনা হয়। শহরে উত্তেজনা বিরাজ করিতেছে এবং ১৪৪ধারা জারি করা হইয়াছে। ছাত্ররা টাউন পুলিশ ফাঁড়ি, পুলিশ ক্লাব, ডিসি, এসপি ও জনৈক পুলিশ সার্জনের বাসা তছনছ করে। বিক্ষুব্ধ লোকজন সিভিল সার্জন ও মোহাম্মদপুর উপজেলা পরিষদের চেয়ারম্যানের গাড়ীতে আগুন ধরাইয়া দেয় এবং জেলা প্রশাসক ও ফায়ার সার্ভিসের গাড়ী ক্ষতিগ্রস্ত করে।

পরে স্থানীয় জনসাধারণ এক শোকসভায় মিলিত হইয়া ঘটনার বিচার বিভাগীয় তদন্ত এবং ডিসি, এসপি ও একজন সার্জনের অপসারণ দাবী করে। তাহারা আজ (শুক্রবার) শহরে হরতালের ডাক দিয়াছে।

টেলিফোনে যোগাযোগ করা হইলে মাগুরার ডিসি ও এসপি আমাদের যশোরের সংবাদদাতাকে জানান, মাগুরা আদর্শ একাডেমী এসএসসি পরীক্ষা কেন্দ্রে বহিরাগতরা পরীক্ষার হলে নকল সরবরাহের চেষ্টা করিলে পুলিশ বাধা দেয় এবং ইহাতে উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। দুপুরের দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাহিরে চলিয়া গেলে পুলিশ প্রথমে লাঠিচার্জ ও পরে কয়েক রাউণ্ড গুলীবর্ষণ করে। সংঘর্ষে একজন পুলিশ অফিসারসহ ৮ জন পুলিশও আহত হয়। বেলা একটার দিকে উত্তেজিত জনতা মাগুরা পুলিশ লাইন ঘেরাও করিলে পুলিশ প্রথমে কাঁদানে গ্যাস নিক্ষেপ ও পরে গুলী চালায়। ফলে ঘটনাস্থলে মাগুরা সরকারী কলেজের প্রথম বর্ষের ছাত্র দেবেজনাথ (২২) নিহত হয়। ছাত্ররা নিহত সহপাঠীর লাশ লইয়া মিছিলসহ জেলা প্রশাসকের বাসভবনে যায় এবং নিকটস্থ নির্বাচন কমিশনের অফিস আক্রমণ করে। সেখানে কর্তব্যরত পুলিশ এক পর্যায়ে গুলীবর্ষণ করে। ইহাতে দিলীপ কুমার বিশ্বাস নামক সরকারী উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র ঘটনাস্থলে নিহত হয়। উভয় স্থানে প্রায় ৪০ জন আহত হয়। তন্মধ্যে ১০ জনকে মাগুরা হাসপাতালে ভর্তি করা হইয়াছে। অগ্নদের প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয়। গুরুতর আহত ২ জনের অস্ত্রোপচার করা হয়।

পুলিশের গুলীতে আহত মিজানুর রহমান, অলিউর রহমান, আমজাদ হোসেন, জাহাঙ্গীর হোসেন, বিশ্বপদ, আশীষ, মিলটন, রউফ, গোবিন্দ, সবুর, হাসান, বিনয়, জহরুল হক ও বদরুজ্জামানকে মাগুরা হাসপাতালে ভর্তি করা হইয়াছে।

আমাদের খিনাইদহ সংবাদদাতা জানান, মাগুরার পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য চূড়াডাঙ্গা হইতে বিডিআর প্রেরণ করা হইয়াছে। বরিশালে অবস্থানরত খুলনার বিভাগীয় কমিশনার ও খুলনা রেঞ্জের ডিআইজি খবর পাইয়া মাগুরার উদ্দেশে বরিশাল ত্যাগ করিয়াছেন।